গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ
রাজস্ব শাখা
www.mymensingh.gov.bd

স্মারক নম্বরঃ ০৫.৪৫.৬১০০.০২৪.২৪.০৩৮.২১- ২২৪৫

তারিখঃ ১২ আশ্বিন, ১৪৩০
২৭ সেপ্টেম্বর, ২০২৩

## উন্নয়ন প্রকল্পে জলমহাল ইজারা প্রদানের জন্য আবেদন আহবান

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি,২০০৯ অনুযায়ী ময়মনসিংহ জেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন ২০.০০ একরের উর্ধ্বে বদ্ধ ইজারাযোগ্য সরকারি জলমহালসমূহ উন্নয়ন প্রকল্পের আওতায় আবেদনের মাধ্যমে ইজারা প্রদানের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়ের গত ১৭ আগস্ট, ২০২৩ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-২)-৫৭৮ নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সংগঠন/সমিতির নিকট হতে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে। নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী অনলাইনে আবেদন ও অন্যান্য কার্যক্রম গ্রহণ করা হবে।

| ক্রঃ নং | তারিখ | গৃহীতব্য কার্যক্রম |
|---|---|---|
| ০১ | ০৪ কার্তিক থেকে ৩০ কার্তিকের মধ্যে | ইজারার জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ অনলাইনে আবেদন দাখিল |
| ০২ | ০৫ অগ্রহায়ণ অথবা ৩০ কার্তিক পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মুলকপি সীলগালা মুখবন্ধ খামে জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ (রাজস্ব শাখায়) দাখিল করতে হবে। (অফিস চলাকালীন সময়ে) |

### ১৪৩১-১৪৩৬ বঙ্গাব্দ মেয়াদে উন্নয়ন প্রকল্পের আওতায় ইজারাযোগ্য জলমহালের তালিকা

| ক্রমিক নং | উপজেলা | জলমহালের নাম | জলমহালের আয়তন | বার্ষিক সম্ভাব্য সরকারি মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | ফুলপুর | কোকড়াডোবা | ৭৭.০০ একর (কম/বেশী) | ৩,০০,০০০/- |
| ০২ | তারাকান্দা | চিকনী বিল | ৩৫.৯৯ একর (কম/বেশী) | ৫৮,৫৪৩/- |
| ০৩ | ঐ | কালিয়ান বিল | ২২.৬০ একর (কম/বেশী) | ৭২,৫০০/- |
| ০৪ | ঐ | হাইলী বিল | ৪৩.৬৪ একর (কম/বেশী) | ২,৩৪৪/- |
| ০৫ | গৌরীপুর | নুন্নীগাং | ২৮.৪৩ একর (কম/বেশী) | ২৬,৮৭৫/- |
| ০৬ | ঐ | চৌকানদী | ৩৪.১২ একর (কম/বেশী) | ৫০,০০০/- |
| ০৭ | ঐ | জলবুরুঙ্গা | ৫৯.০২ একর (কম/বেশী) | ৫,৫০,০০০/- |
| ০৮ | ফুলবাড়ীয়া | ভাউয়াল বিল | ৪৮.৩৬ একর (কম/বেশী) | ৫১,২৫০/- |

নিয়মাবলী

০১। আবেদনকারী কর্তৃক জলমহালটি সরেজমিনে পরিদর্শন করে আবেদন দাখিল করতে হবে। আবেদন দাখিল বা ইজারা প্রাপ্তির পর জলমহালের আকার/আয়তন/কোন অংশ ভরাট হয়ে গেছে মর্মে কোন প্রশ্ন বা দাবি উত্থাপন করা যাবে না। করলে তা সর্বদা অগ্রাহ্য হবে।

০২। উন্নয়ন প্রকল্পের আওতায় ইজারা প্রাপ্তির লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়ের নির্ধারিত ওয়েবসাইট (jm.lams.gov.bd) লিংকে রেজিষ্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে।

০৩। জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তিটি www.mymensingh.gov.bd ওয়েবসাইটেও পাওয়া যাবে।

০৪। অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদির প্রিন্টেড কপিসহ জলমহাল ইজারার জন্য উদ্ধৃত দরের ২০% (শতকরা বিশ) টাকা জেলা প্রশাসক, ময়মনসিংহ এর অনুকূলে জামানত হিসাবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মুল কপি সীলগালা মুখবন্ধ খামে জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ এর (রাজস্ব শাখায়) দাখিল করতে হবে। সীলগালাকৃত খামের উপরিভাগে উন্নয়ন প্রকল্পে জলমহাল ইজারা প্রাপ্তির আবেদন কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বাম পার্শ্বে সমিতির নাম ও ঠিকানা লিখতে হবে।

০৫। অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টেড কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনে তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে।

০৬। নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে চুড়ান্তভাবে আবেদন দাখিল না করে সরাসরি জেলা প্রশাসকের কার্যালয়ে কোন আবেদনকারী সমিতি জলমহাল ইজারা পাওয়ার জন্য ম্যানুয়ালী আবেদন দাখিল করলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৭। উন্নয়ন প্রকল্পে বিস্তারিত বিবরণ (প্রকল্প ছকে) দাখিল করতে হবে।

০৮। প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিবন্ধন সনদ (রেজিস্ট্রেশন) এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।

০৯। নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সকল সদস্যের নাম, ঠিকানা ও ছবি দাখিল করতে হবে।

১০। মৎস্যজীবীদের জাতীয় পরিচয়পত্র দাখিল করতে হবে।

১১। আবেদনকারী সমিতির সকল সদস্য কার্ডধারী প্রকৃত মৎস্যজীবী মর্মে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির পক্ষে উপজেলা মৎস্য কর্মকর্তা/ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

১২। সভাপতি, সম্পাদক ও সমিতির নিকট সরকারি কোন বকেয়া রাজস্ব পাওনা আছে কিনা এবং তাদের বিরুদ্ধে কোন সার্টিফিকেট মামলা আছে কিনা জেলা প্রশাসন কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

১৩। সমিতির গঠনতন্ত্র দাখিল করতে হবে।

১৪। সমিতির সভার কার্যবিবরণী দাখিল করতে হবে।

১৫। ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (ব্যাংক রুল অনুসারে) দাখিল করতে হবে।

১৬। বিগত ০২(দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন নিবন্ধিত সংগঠন/সমিতির ক্ষেত্রে অডিট রিপোর্ট প্রয়োজন হবে না।

১৭। সমিতির সদস্যগণ প্রকৃত মৎস্যজীবী, মাছ চাষ, শিকার ও বিপণনের সাথে জড়িত আছেন ও থাকবেন এবং জলমহাল ইজারা পেলে নিজেরাই তা পরিচালনা করবেন মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।

১৮। জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক জলমহাল ইজারা প্রদান বিষয়ে সিদ্ধান্ত প্রদানের ১৫( পনের) দিনের মধ্যে ইজারা গ্রহীতাকে সমুদয় ইজারার অর্থ নির্ধারিত কোডে পরিশোধ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে সমুদয় অর্থ পরিশোধে ব্যর্থ হলে আবেদন/ইজারা বাতিল ও জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। কোন অবস্থাতেই ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

১৯। সরকারি নীতিমালা অনুযায়ী প্রত্যেক বছরের ইজারামূল্যের সাথে ১৫% ভ্যাট ও ১০% আয়কর পরিশোধ করতে হবে। এক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশ ও অন্যান্য করাদি যদি প্রযোজ্য হয় তাও পরিশোধ করতে হবে।

২০। ইজারাপ্রাপ্ত সমিতিকে ২য় বছর হতে ৫ম বছর পর্যন্ত প্রতি বছরের ইজারা মূল্যের সাথে অতিরিক্ত ২০% অর্থ ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার আকারে ( মূল কপি) জেলা প্রশাসক,ময়মনসিংহ এর অনুকূলে দাখিল করতে হবে।

২১। ইজারা গ্রহিতা সমিতিকে ২য় বৎসরের ইজারামূল্য ও অন্যান্য করাদি ১ম বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। পরবর্তী বছর সমূহের ইজারামূল্য ও অন্যান্য করাদি একইভাবে পূর্ববর্তী বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হব। ব্যর্থতায় স্বয়ংক্রিয়ভাবে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং সরকার নতুন করে এই জলমহাল ইজারা প্রদান করতে পারবে।

২২। উন্নয়ন প্রকল্পে ১ম বছরের ইজারা মূল্যই ২য়, ৩য় ও ৪র্থ বছরের ইজারা মূল্য হিসাবে বিবেচিত হবে এবং ৫ম ও ৬ষ্ঠ বছরে উক্ত ইজারা মূল্যের সাথে আরো ২৫% বর্ধিত করে ইজারামূল্য নির্ধারিত হবে এবং সে মোতাবেক পরিশোধ করতে হবে।

২৩। সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত বিধি বিধান ও ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ ইজারা বিষয়ে প্রদত্ত কোন নির্দেশনা নতুন শর্ত আরোপ, সংযোজন এবং সংশোধন করলে তা কার্যকর হবে।

২৪। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শনো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তির কোন অংশ বা সম্পূর্ণ দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২৬/৯/২০২০

(মোঃ মোস্তাফিজার রহমান)
জেলা প্রশাসক
ময়মনসিংহ
ফোনঃ ০২৯৯৬৬৬৫৭৭৭ ( অফিস)
০২৯৯৬৬৬৫৭৮৮ (বাসা)
ই-মেইলঃ dcmymensingh@mopa.gov.bd

স্মারক নম্বরঃ ০৫.৪৫.৬১০০.০২৪.২৪.০৩৮.২১- ২২৪৫ (৩৫)

তারিখঃ ১২ আশ্বিন, ১৪৩০
২৭ সেপ্টেম্বর, ২০২৩

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

১. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।

৩. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

অনুলিপিঃ সদয় অবগতি ও বহুল প্রচারের অনুরোধসহ ( জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

৪. পুলিশ সুপার, ময়মনসিংহ।

৫. মেয়র, ফুলপুর/গৌরীপুর/ফুলবাড়ীয়া পৌরসভা, ময়মনসিংহ ( নোটিশ বোর্ডে বহুল প্রচারের জন্য)।

৬. উপজেলা নির্বাহী অফিসার, .............................. ময়মনসিংহ।

৭. জেলা মৎস্য কর্মকর্তা, ময়মনসিংহ।

৮. জেলা সমবায় কর্মকর্তা, ময়মনসিংহ।

৯. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ময়মনসিংহ।

১০. নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, ময়মনসিংহ।

১১. বিভাগীয় বন কর্মকর্তা, ময়মনসিংহ বনবিভাগ, ময়মনসিংহ।

১২. উপ পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ময়মনসিংহ।

১৩. সহকারী কমিশনার (ভূমি), ............................ ময়মনসিংহ।

১৪. উপজেলা মৎস্য কর্মকর্তা,................................,ময়মনসিংহ।

১৫. উপজেলা সমবায় কর্মকর্তা, .............................., ময়মনসিংহ।

১৬. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ময়মনসিংহ। তাঁকে বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

১৭. নোটিশ বোর্ড।

২৭/০৯/২৩

(দিলরুবা ইসলাম)
রেভিনিউ ডেপুটি কালেক্টর
ময়মনসিংহ
ফোন- ০২৯৯৬৬৬৫৭৪২
ই-মেইলঃ rdcmymen@gmail.com